# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

**Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN**

**Editor :** S. SAM SELVA RAJ | **16 Languages** | **Associate Editor: Rev. Dr.** ANJAN KUMAR SINGH

**Vol. XXIV** YEAR OF OUR LORD JESUS CHRIST, JULY 2022 **No. 05**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন
প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৩০:১-১০

১। হে সদাপ্রভু, আমি তোমার প্রশংসা করি, কারণ তুমি আমাকে পাতাল থেকে তুলে ধরেছ এবং আমার শত্রুদের আমাকে নিয়ে উল্লাস করতে দাওনি।

২। হে সদাপ্রভু, আমার ঈশ্বর, আমি সাহায্যের জন্য তোমাকে ডেকেছি, এবং তুমি আমাকে সুস্থ করেছ।

৩। তুমি, হে সদাপ্রভু, আমাকে পাতালের গর্ভ থেকে উত্তোলন করেছ; তুমি আমাকে বাঁচিয়ে রেখেছ যেন মৃত্যুর গর্তে পড়ে না যাই।

৪। হে সদাপ্রভুর সকল বিশ্বস্ত লোকজন, তাঁর উদ্দেশে প্রশংসা করো; তাঁর পুণ্যনামের প্রশংসা করো।

৫। কারণ তাঁর ক্রোধ ক্ষণস্থায়ী, কিন্তু তাঁর অনুগ্রহ সারা জীবন স্থায়ী;অশ্রু রাত্রিব্যাপী হয়, কিন্তু উল্লাস সকালে উপস্থিত হয়।

৬। যখন আমি নিরাপদ বোধ করেছিলাম, আমি বলেছিলাম, "আমি কখনও বিচলিত হব না।"

৭। তোমার করুণা, হে সদাপ্রভু, আমাকে পর্বতের মতো সুরক্ষিত করেছিলো; কিন্তু যখন তুমি তোমার মুখ লুকালে, তখন আমি বিহ্বল হলাম।

৮। হে সদাপ্রভু, আমি তোমাকেই ডাকলাম; সদাপ্রভুর কাছে আমি বিনতি করলাম,

৯। আমার মৃত্যু হলে কী লাভ, আর যদি আমি পাতালে চলে যাই? ধূলিকণা কি তোমার জয়গান করবে? তা কি তোমার জয়গান করবে? তা কি তোমার বিশ্বস্ততা ঘোষণা করবে?

১০। হে সদাপ্রভু, শোনো, আর আমার প্রতি কৃপা করো; হে সদাপ্রভু, আমার সহায় হও।

## আপনার সিদ্ধান্ত আপনার ভাগ্য নির্ধারণ করে

( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভারাজ কর্তৃক প্রদত্ত বাণী)

**YOUR DECISION DETERMINES YOUR DESTINY!**

**এই জগতের সকলেই পছন্দ করে তাদের জীবনে ভালো কিছু ঘটুক - অপ্রত্যাশিত ভাবে অথবা প্রত্যাশিত ভাবে। কিন্তু প্রত্যেকেরই ঈশ্বরের কাছ থেকে একটি অনুপম আহ্বান আছে এবং তিনি আমাদের প্রত্যেককে বিভিন্ন ভাবে পরিচালিত করেন। আমাদের আহ্বান ভিন্ন হতে পারে-কিন্তু সঠিক সময়ে আমরা যে সিদ্ধান্তগুলি গ্রহণ করি তা আমাদের ভাগ্য নির্ধারণ করে। আমরা যখন অসংখ্য লোকদের জীবনী অধ্যয়ন করি তখন এই সত্যটি প্রকাশিত হয়। এখন আমরা এলিয়, ইলীশায় এবং ইলীশায়ের সাহায্যকারী গেহসীর জীবনী অধ্যয়ন করবো। ইনারা সকলেই সমকালীন ছিলেন।**

### ক। এলিয় ভাববাদী

৯১০-৮৯৬ খ্রীষ্ট পূর্বাব্দের মধ্যে এলিয় বাস করেছিলেন। তিনি তিশবীয় ছিলেন, গিলিয়দ থেকে এসেছিলেন। তিনি পূর্বনিরূপিত ছিলেন এবং সদাপ্রভু কর্তৃক একজন ভাববাদী নামে অভিহিত হয়েছিলেন। বাইবেলে তাঁর জন্ম অথবা তাঁর পরিবারের বিষয়ে কোনও তথ্য দেওয়া হয়নি।

"এলিয়" নামটির অর্থ হচ্ছে " যিহোবা আমার ঈশ্বর"। আমরা যখন সামগ্রিকভাবে এলিয়ের জীবনকে দেখি, আমরা লক্ষ্য করি যে সদাপ্রভু তাঁকে আহ্বান করেছিলেন এবং শেষে, সদাপ্রভুই তাঁকে স্বর্গে নিয়ে গিয়েছিলেন। তিনি মৃত্যুর অভিজ্ঞতা লাভ করেননি। তাঁর সৎকারের জন্য কোনও সভা প্রদত্ত হয়নি। আর পৃথিবীতে থাকাকালীন, তিনি একজন কঠোর তপস্বীর মতো জীবনযাপন করেছিলেন, তিনি পশুর লোমের বস্ত্র পরিধান করতেন এবং তাঁর কোমরে বেল্ট পরিধান করতেন।

ঈশ্বর এই লোকটিকে দেখেছিলেন যিনি, জঙ্গলে বাস করতেন, একটি পবিত্র জীবন যাপন করছিলেন, এবং তিনি তাঁর সম্ভ্রমকারী পরিকল্পনা চালিয়ে নিয়ে যাবার জন্য তাঁকে মনোনীত করেছিলেন। ঈশ্বরের মনোনয়ন মানুষের শিক্ষাগত যোগ্যতা অথবা তার আর্থিক অবস্থা অথবা পারিবারিক প্রেক্ষাপটের উপর ভিত্তি স্থিত ছিল না। এলিয়ের একমাত্র যোগ্যতা ছিল সর্বদা ঈশ্বরের রব শোনার জন্য প্রস্তুত থাকা এবং সদাপ্রভু যা বলতেন তা করার জন্য প্রস্তুত থাকা। আর ঈশ্বর তাঁকে আহব এবং অহসিয় রাজার সময় ভাববাদী করেছিলেন। এলিয়ের সময়, অম্রির পুত্র আহাব ইস্রায়েলের রাজা হয়েছিলেন এবং সদাপ্রভুর দৃষ্টিতে তাঁর অগ্রবর্তী সমস্ত রাজাদের থেকে অধিক মন্দ কাজ করেছিলেন। নবাটের পুত্র যারবিয়াম যে পাপ করেছিল তিনি সেই পাপকে কেবল নগণ্য বিবেচনা করেই ক্ষান্ত হননি, কিন্তু তিনি

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

"সদাপ্রভু কৃপাময় ও স্নেহশীল, ক্রোধে ধীর ও দয়াতে মহান" ( গীত ১৪৫:৮)।



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


প্রিয় প্রেমাস্পদ ভাই ও বোনেরা,

আমাদের বিভিন্ন পরিচর্যা এবং পরিচারকদের প্রতি আপনার ভালোবাসা এবং চিন্তার জন্য আমরা কৃতজ্ঞ। আপনার প্রেমপূর্ণ দয়ার মাধ্যমে আমরা দারুণভাবে উৎসাহিত। ঈশ্বর আপনাদের আশীর্ব্বাদ করুন।

আমাদের নহিমিয় বাইবেল কলেজের চেয়ারম্যান পাস্টর এস.মুথুর স্বাস্থ্যের উন্নতি হচ্ছে। আমাদের যে বন্ধুরা তাঁর জন্য প্রার্থনা করছেন তাদের আমরা ধন্যবাদ দিই। অনগ্রহ করে অবিরত প্রার্থনা করে যান।

আপনারা জানেন যে, আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাগুলি, হিন্দি/উড়িয়া এবং তামিল ভাষায় নহিমিয় বাইবেল কলেজ, সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, মণ্ডলীগুলির প্রচারমূলক কাজে অত্যন্ত ব্যস্ত। ঈশ্বর আমাদের সমস্ত কার্যকলাপকে এবং চেন্নাই শহরের ভেতরে এবং বাইরের যাত্রাগুলিকে আশীর্ব্বাদ করছেন। আমরা পরবর্তী সংস্করণে পাতাল থেকে রাজপ্রাসাদের অধীনে আমাদের বার্তাটি চালু করবো, কারণ এই মাসে আমরা খুব ব্যস্ত আছি।

আরেকটি বিষয় হচ্ছে, আমাদের প্রিয় ভাই এবং আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার বরিষ্ঠ সম্পাদক, ব্রাদার এম. পলরাজ ২০২২ সালের ২৫ শে মে ঈশ্বরের গৌরবের মধ্যে প্রবেশ করেছিলেন। অনুগ্রহ করে আপনার প্রার্থনায় তাঁর পরিবারকে স্মরণ করবেন। তিনি যখন অসুস্থ ছিলেন তখন তাঁর জন্য প্রার্থনা করার জন্য আমরা আপনার প্রতি কৃতজ্ঞ।

ঈশ্বরের অনগ্রহে এ বছর ৩রা জুন আমাদের নহিমিয় বাইবেল কলেজের ২৩ তম গ্রাজুয়েশন সভাটি অনুষ্ঠিত হয়েছিল। ২৩ জন শিক্ষার্থী গ্রাজুয়েট হয়েছে এবং ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকায় পৌঁছানোর ঐকান্তিক ইচ্ছাসহ মিশন কাজের জন্য তাদের পৃথক করে রাখা হয়েছে।

ঈশ্বরের অনুগ্রহে, আমাদের নহিমিয় বাইবেল কলেজ (তামিল ভাষায় সান্ধ্য পাঠক্রম এবং হিন্দি/উড়িয়া ভাষায় আবাসিক পাঠক্রম নির্ধারিত সময়সূচী অনুসারে ৬ই জুন, ২০২২, তারিখে পুনরায় শুরু হয়েছে এবং পুরোদমে ক্লাসগুলি চলছে। একই ভাবে আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলও ১৩ই জুন পুনরায় চালু হয়েছে। অনুগ্রহ করে এই শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাফল্যের জন্য প্রার্থনা করুন।

এই দিনগুলিতে, আমরা আমাদের সহকর্মীদের পরিবারগুলির সমস্ত সদস্যদের জন্য আপনাদের প্রার্থনা বৃদ্ধি করার জন্য একান্ত কামনা করি, যেহেতু আমাদের পরিবারগুলির কিছু সংখ্যক সদস্যের শারীরিকভাবে ঈশ্বরের স্পর্শের প্রয়োজন।

অনুগ্রহ করে ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য আমাদের বহুমুখী পরিচর্যা কাজগুলির প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করবেন।

আগামী দিনগুলিতে ঈশ্বর আপনাকে প্রচুর আশীর্ব্বাদ করুন।

*খ্রীষ্ট যীশুতে আপনদের দাস,*

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ☼ BIBLECOR - Postal Courses (3 languages) ☼ Online Courses ☼ Theological Correspondence Courses (2 languages) ☼ Church Planting ☼ Nehemiah Bible Colleges ☼ Gospel Printing Press ☼ Great Commission Partners ☼ St. Paul's Matriculation School ☼ Crusades ☼ Community Development

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

সীদোনীয়দের রাজা ইৎবায়ালের মেয়ে ঈষেবলকে বিয়ে করেছিলেন, এবং বায়ালদেবের সেবা এবং আরাধনা করতে শুরু করেছিলেন। তিনি শমরিয়ায় বায়ালদেবের যে মন্দির নির্মাণ করেছিলেন সেখানে বায়ালের নামে তিনি একটি যজ্ঞবেদিও নির্মাণ করেছিলেন (১ রাজা ১৬:৩০-৩২)। একজন ইস্রায়েলীয় রাজা হয়ে স্বর্গ এবং পৃথিবীর ঈশ্বরের আরাধনা করার পরিবর্তে, তিনি এক পরজাতীয় দেবতার আরাধনা করছিলেন।

## ১। এলিয় বলেছিলেন বৃষ্টি হবে না আর বৃষ্টি হয়নি।

এলিয় ঈশ্বরের বাক্য বহন করেছিলেন এবং আহাব রাজাকে বলেছিলেন, "আমি না বলা পর্যন্ত পরবর্তী কয়েক বছর দেশে শিশির বা বৃষ্টি, কিছুই পড়বে না"। তিনি যেমন বলেছিলেন ঠিক সেইভাবে তিনবছর এবং ছয় মাস বৃষ্টি পড়েনি। তিনি রাজার সামনে আসতে এবং সদাপ্রভু তাঁকে যা বলতে বলেছিলেন তা বলতে ভয় পাননি।

এলিয় পবিত্র এবং ধার্মিক ব্যক্তি ছিলেন যাঁর ঈশ্বরের উপর অগাধ বিশ্বাস ছিল। তিনি সাহসী ছিলেন এবং এর পরিণতি কী হবে সেই বিষয়ে তিনি ভয় পাননি।

## ২। তিনি বাধ্য ভাববাদী ছিলেন

ঈশ্বর এলিয়কে বলেছিলেন, "এই স্থানটি ছেড়ে চলে যাও, পূর্বদিকে ফিরে... পূর্বপারে করীতের সরু গিরিখাতে গিয়ে লুকিয়ে থাকো" (১ রাজা ১৭:৩)। তিনি সদাপ্রভুর কথা মতো সেই স্থানটিতে গেছিলেন। সদাপ্রভুর কথা মতো সকালে এবং সন্ধ্যায় দাঁড় কাকেরা তাঁকে রুটি এবং মাংস এনে দিতো। যেহেতু দীর্ঘ সময় কোনও বৃষ্টি হয়নি, গিরিখাতের জল শুকিয়ে গিয়েছিল। তারপর ঈশ্বর তাঁকে বলেছিলেন, "এক্ষুনি তুমি সীদোনের এলাকাভুক্ত সারিফতে চলে যাও ও সেখানে একজন বিধবার সঙ্গে থাকো"। এলিয় এই আদেশটিরও বাধ্য হয়েছিলেন। সারিফতে, তিনি একজন বিধবার সঙ্গে মিলিত হয়েছিলেন, এবং তিনি তার কাছে রুটি এবং জল চেয়েছিলেন। তার কাছে খুব কম খাদ্য থাকলেও সে তাকে রুটি ও জল দিয়েছিল। সুতরাং, যতদিন না দেশটি বৃষ্টির দ্বারা আশীর্বাদ প্রাপ্ত হয়েছিল ততদিন সেই বিধবা অপর্যাপ্ত আশীর্বাদ পেয়েছিলেন। পরে, তার পুত্র যখন মারা গিয়েছিল, এলিয় তাকে জীবিত করেছিলেন।

## ৩। তিনি সাহসী ভাববাদী ছিলেন (১ রাজা ১৮: ১৮-৩৯):

তারপর ঈশ্বর এলিয়কে আহাব রাজার কাছে গিয়ে দর্শন দিতে বললেন, এলিয় রাজাকে বললেন সমস্ত ইস্রায়েলকে এবং ৪৫০ বায়ালের ভাববাদীদের এবং আশেরার ৪০০ ভাববাদীদের কর্মিল পর্বতে একত্রিত করতে বললেন। এলিয় লোকদের বললেন "আর কতদিন তোমরা দুটি অভিমতের মাঝে দ্বিধাগ্রস্ত হয়ে থাকবে? সদাপ্রভু যদি ঈশ্বর হন, তবে তাঁর অনুগামী হও; কিন্তু বায়াল যদি ঈশ্বর হয়, তবে তারই অনুগামী হও।" তিনি আরও বললেন, "আমাদের জন্য দুটি বলদ নিয়ে এসো। বায়ালের ভাববাদীরা নিজেদের জন্য একটি বলদ বেছে নিক, ও সেটি কেটে টুকরো টুকরো করে কাঠের উপর সাজিয়ে রাখুক কিন্তু তাতে যেন তারা আগুন না ধরায়। আমিও অন্য বলদটি প্রস্তুত করে সেটি কাঠের উপর সাজিয়ে রাখব কিন্তু তাতে আগুন দেব না। পরে তোমরা নিজেদের দেবতার নাম ধরে ডেকো, ও আমিও সদাপ্রভুর নাম ধরে ডাকব। যিনি আগুনের দ্বারা উত্তর দেবেন, তিনিই ঈশ্বর।" তখন সব লোকজন বলে উঠেছিল, "আপনি ভালো কথাই বলেছেন।" এলিয় বায়ালের ভাববাদীদের বললেন, "একটি বলদ বেছে নিয়ে তোমরা প্রথমে সেটি প্রস্তুত করো, যেহেতু সংখ্যায় তোমরাই বেশি। তোমাদের দেবতার নাম ধরে ডাকো, কিন্তু আগুন জ্বালিয়ো না।" অতএব যে বলদটি তাদের দেওয়া হয়েছিল সেটি তারা প্রস্তুত করে রেখেছিল। পরে তারা সকাল থেকে দুপুর পর্যন্ত বায়ালের নাম ধরে ডেকেছিল। " হে বায়ালদেব, আমাদের উত্তর দাও!" রক্তের ধারা প্রবাহিত না হওয়া পর্যন্ত তরোয়াল ও বর্শা দিয়ে নিজেদের শরীর ক্ষতবিক্ষত করে তুলেছিল। কিন্তু কোনও উত্তর আসেনি; কেউ উত্তর দেয়নি। তারপর তারা পরাজয় মেনে নিয়েছিল।

এরপর এলিয় সদাপ্রভুর নামে পাথর দিয়ে একটি যজ্ঞবেদি নির্মাণ করেছিলেন। তিনি বেদির চারপাশে নালা কেটেছিলেন। তিনি কাঠ সাজিয়ে, বলদটি টুকরো টুকরো করে কেটে কাঠের উপর সাজিয়ে রেখেছিলেন। পরে তিনি তাদের বলেছিলেন, 'চারটি বড় বড় বয়ামে জল ভরে সেই জল বলির পশু ও কাঠের উপর ঢেলে দাও। তারপর তিনি বলেছিলেন,'দ্বিতীয়বার এরকম করো; এবং তিনি বলেছিলেন, 'তৃতীয়বার এটি করো।' আর তারা তৃতীয়বার এটি করেছিল। বেদি উপচে জল গড়িয়ে পড়ছিল ও এমনকি নালাও ভরিয়ে তুলেছিল।

ইতিমধ্যে সান্ধ্য হোমবলি উৎসর্গের সময় এসেছিল, এলিয় ভাববাদী এগিয়ে এসেছিলেন এবং বলেছিলেন, **"হে সদাপ্রভু, অব্রাহাম, ইস্হাক ও ইস্রায়েলের ঈশ্বর, লোকেরা আজ জানুক যে ইস্রায়েলে তুমিই ঈশ্বর এবং আমি তোমার দাস ও আমি তোমার আদেশেই এসব কাজ করেছি"** (১ রাজা ১৮:৩৬)।

তখন সদাপ্রভুর কাছ থেকে আগুন নেমে এসেছিল এবং বলির পশু, কাঠ, পাথর ও মাটি পুড়িয়ে ছাই করে দিয়েছিল, এবং নালার জলও নিকেশ করে ফেলেছিল। সব লোকজন যখন এই দৃশ্য দেখেছিল, তারা মাটিতে উবুড় হয়ে পড়ে চিৎকার করে উঠেছিল, "সদাপ্রভুই ঈশ্বর! সদাপ্রভুই ঈশ্বর!" এলিয় স্বর্গ থেকে অগ্নি নামিয়ে আনার দ্বারা অর্দ্ধ মনস্ক ইস্রায়েলের লোকদের সামনে প্রমাণ করেছিলেন যে "সদাপ্রভুই ঈশ্বর "।

আমাদের দিনগুলিতে, এই ধরণের ঈশ্বরের দাস এবং ভাববাদীদের দেখা পাওয়া অত্যন্ত বিরল বিষয়। আজকের দিনে যখন অলৌকিক কাজগুলি ঘটে, অথবা কোনও ভাববাণী পূর্ণ হয়, তখন কি আমরা ঈশ্বরের দাসদের দেখি না, যারা এই ধরণের পরিবারগুলি পরিদর্শন করেন এবং দাবি করেন যে এটি তাদের প্রার্থনার দ্বারা ঘটেছিল? এটি কি সত্য নয় যে ঐ ঈশ্বরের দাসের ক্যামেরা পরিচালনাকারীরা তাদের প্রচার মাধ্যমের সমস্ত সাজসরঞ্জামসহ এই ধরণের ঘরগুলি পরিদর্শন করে এবং ঐ পরিবারের সদস্যদের চারিদিকে শিবির স্থাপন করে এবং এটি একটি ব্যবসায় পরিণত করে? এই ধরণের ব্যবসায়ী ভাববাদীদের সমর্থনকারী লোকদের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। ঈশ্বর অলৌকিক কাজ করেন। যীশু বলেছিলেন, "তোমরা বিনামূল্যে পেয়েছ, সেইরূপ বিনামূল্যেই দান কোরো" (মথি১০:৮)।

## খ। ইলীশায় ভাববাদী

সদাপ্রভুর কথানুসারে এলিয় ভাববাদী ইলীশায়ের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন যখন ইলীশায় ১২ জোড়া বলদ নিয়ে চাষ করছিলেন। এলিয় সেখানে গিয়ে নিজের আলখাল্লাটি তাঁর গায়ে ছুঁড়ে দিলেন। ইলীশায় তাঁর অনুগামী হলেন এবং তাঁর দাসে পরিণত হলেন (১ রাজাবলি ১৯:১৯)। জীবিত অবস্থায় এলিয় সদাপ্রভু কতৃক নীত হওয়ার পর, ইলীশায় যোরাম, যেহূ, এবং যোয়াস রাজার শাসনকালে মহান আলৌকিক কার্যকারী ভাববাদীতে পরিণত হয়েছিলেন।

এলিয়ের অধীনে ইলীশায়ের প্রশিক্ষণ ছিল অত্যন্ত কঠিন। যারা কেবল স্বেচ্ছায় নিজেকে কঠিন কাজের সঙ্গে এবং কঠোর পরিশ্রমের সঙ্গে যুক্ত করে তারা ঈশ্বরের উত্তম দাসে পরিণত হতে পারে। যারা কঠিন কাজে, উপযুক্ত প্রশিক্ষণে এবং সঠিক কার্যকলাপের মধ্যে নিজেদের সমর্পিত করতে অস্বীকার করে তারা কোনও মহান কাজ সম্পাদন করতে পারে না। যারা মনে করেন যে কেবল রবিবারের উপাসনা সভায় যোগদান করে বলে ঈশ্বরের জন্যে মহাত্যাগ করছেন তারা কখনও ঈশ্বরের মহান দাস হতে পারেন না।

**১। যিনি তাঁকে পরিচর্যা কাজে আহ্বান করেছিলেন ইলীশায় তাঁর সঙ্গে একাত্ম হয়েছিলেন।**

এলিয় এবং ইলীশায় যখন গিলগলে পরিচর্যা করছিলেন তখন এলিয় হঠাৎ ইলীশায়কে বলেছিলেন, “তুমি এখানে থাকো, কারণ সদাপ্রভু আমাকে বেথেলে পাঠিয়েছেন।” কিন্তু ইলীশায়ের তাঁর নেতাকে না ছাড়ার বিষয়ে দৃঢ়সঙ্কল্প ছিল। সুতরাং তিনি উত্তর দিয়েছিলেন, “জীবন্ত সদাপ্রভুর দিব্যি এবং আপনারও দিব্যি, আমি আপনাকে ছাড়ব না।” এই ভাবে এলিয় যেখানে গিয়েছিলেন ইলিশায় তাঁকে অনুসরণ করেছিলেন।

সুতরাং তাঁরা উভয়ে বেথেলে গিয়েছিলেন এবং বেথেল থেকে যিরীহোতে গিয়েছিলেন। তারপর তারা যিরীহ থেকে জর্ডনে গিয়েছিলেন। এই প্রত্যেকটি স্থানে এলিয় তাঁর দাসকে একা ছেড়ে দেবার চেষ্টা করেছিলেন। কিন্তু ইলীশায় অল্পক্ষণের জন্যেও তাঁর নেতা এলিয়কে ছেড়ে দেননি, কিন্তু তিনি যেখানে গিয়েছিলেন সেখানেই তাঁকে অনুসরণ করেছিলেন।

এমনকি জর্ডনে এসেও এলিয় এই কথা বলে ইলীশায়কে ছেড়ে দেবার চেষ্টা করেছিলেন যে তাঁকে নদীর ওপাড়ে যেতে হবে। ইলীশায় তাঁর সঙ্গে নদী পার হওয়ার জন্য নাছোরবান্দার মতো অনুরোধ করেছিলেন। তাঁর নেতাকে অনুসরণ করার দৃঢ়সঙ্কল্প থাকার জন্য ইলীশায় এলির সঙ্গে জর্ডন নদীর অপর পাড়ে গিয়েছিলেন। নদী পার হওয়ার আগে এলিয় তাঁর ঢিলা আলখাল্লাটিকে গুটিয়ে জলে আঘাত করেছিলেন। নদীর জল দুপাশে বিভক্ত হয়ে তাদের যাবার জন্য শুকনো রাস্তা তৈরী করে দিয়েছিল। তারা উভয়ে নদী পার হয়েছিলেন।

এখন এলিয় ইলীশায় বলেছিলেন যে তিনি শীঘ্রই এই পৃথিবী ছেড়ে চলে যাবেন। “আমায় বলো, তোমার কাছ থেকে আমাকে তুলে নেওয়ার আগে আমি তোমার জন্য কী করতে পারি?” ইলীশায় উত্তর দিয়েছিলেন, “আমি যেন আপনার আত্মার দ্বিগুণ অংশ পাই”। এলিয় তাঁকে বলেছিলেন, “তুমি দুঃসাধ্য জিনিস চেয়ে বসলে, তবু ও যদি তোমার কাছ থেকে আমাকে তুলে নেওয়ার সময় তুমি আমাকে দেখতে পাও,তবে তুমি সেটি পাবে - তা না হলে নয়।”

ইলীশায় সতর্কভাবে যখন এলিয়ের প্রতি দৃষ্টি রাখছিলেন, তখন হঠাৎ কয়েকটি ঘোড়াসহ একটি অগ্নিময় রথ আবির্ভূত হয়েছিল এবং সেই রথে করে এলিয় স্বর্গে নীত হয়েছিলেন। তাঁর নেতা নীত হওয়ায় ইলীশায় চিৎকার করে উঠেছিলেন এবং বিলাপ করেছিলেন। এলিয়ের কাছ থেকে যে আলখাল্লাটি পড়ে গিয়েছিল সেটি তিনি তুলে নিয়েছিলেন। তিনি ফিরে এসেছিলেন এবং জর্ডন নদীর পাড়ে দাঁড়িয়েছিলেন (২ রাজা ২:১২-১৩)।

**২। ইলীশায় কখনও হতাশ হননি।**

যদিও ইলীশায় জানতেন যে তিনি তাঁর নেতার কথা এবং কার্যকলাপের দ্বারা বহুবার পরীক্ষিত হয়েছিলেন তথাপি তিনি হতাশ হননি।

**যারা কষ্টভোগ করেন ঈশ্বর তাদের সাহায্য করতে সক্ষম হন। তারা কখনও লজ্জিত হবেন না।**

আপনি মনে করতে পারেন কোনও একটি বিষয় আপনার জীবনে কখনও ঘটবে না। অর্থাৎ আপনার প্রার্থনার উত্তর আপনি পাবেন না বলে আপনার মনে হতে পারে। আপনার দিনগুলি এবং আপনার টাকা বেকার খরচ হচ্ছে বলে মনে হতে পারে। আপনি ঈশ্বরের সেবা করলেও, সমস্ত কিছু ব্যর্থ হচ্ছে বলে আপনার মনে হতে পারে। আপনি এমনকী প্রশ্ন করতে পারেন, “সত্যিই কি ঈশ্বর বলে কেউ আছেন?”

আপনি কি এখন হতাশ হয়েছেন? হতাশ হবেন না; সাহসী হন। ঈশ্বর নিশ্চয় আপনার জীবনে অপ্রত্যাশিত অলৌকিক কাজ করবেন! ইলীশায়ের মত নিজেকে রূপান্তরিত করুন। যদি তাই করেন সময় নিশ্চিতভাবে পরিবর্তিত হবে। আমাদের সদাপ্রভু পরিবর্তিত হন না।

এলিয় সদাপ্রভুর দ্বারা নীত হলেও, এবং ইলীশায় “আমার পিতা, আমার পিতা” বলে চিৎকার করলেও, তিনি তাঁর বিশ্বাস হারাননি, তিনি আশা ত্যাগ করেননি। তাঁর মস্তকের অভিষেককে এবং তাঁর আহ্বানকে তিনি অবহেলা করেন নি।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।
माध्यमः हिन्दी
सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA
सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान
सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल
डिप्लोमा ऑफ थियोलॉजी – 2 साल
योग्यता 10 वी या अधिक
जल्दी करें!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জুলাই থেকে ১৮ই আগস্ট, ২০২২)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

### প্রশংসার বিষয়সমূহ

**জুলাই ১৯ :** ঈশ্বর আমাদের সুসমাচার অপ্রসারিত এলাকগুলিতে প্রবেশ করতে সাহায্য করেছিলেন।

**দিন ২০:** আমাদের সমর্থনকারীদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক কারণ তারা আমাদের জন্য প্রার্থনা করেন এবং আমাদের সাহায্য করেন।

**দিন ২১:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক। ।

**দিন ২২:** আমাদের পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের প্রতি ঈশ্বরের প্রচুর আশীর্ব্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৩:** আমাদের সহযোগী সম্পাদকগণ এবং তাদের পরিবারের সমস্ত সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৪:** ঈশ্বর আমাদের প্রধান এবং শাখা মণ্ডলীগুলিকে নতুন বিশ্বাসীদের দ্বারা আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের কর্মীদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদ বর্ষনের জন্য প্রভুর প্রশংসা হোক।

**দিন ২৭:** আমাদের দেশকে সুরক্ষা করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৮:** ৩রা জুন,২০২২ তারিখে অনুষ্ঠিত আমাদের নহিমিয় বাইবেল কলেজের গ্রাজুয়েশন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৯:** আমাদের মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের অভিষিক্ত করার দ্বারা আশীর্ব্বাদ করার জন্য আসুন আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ৩০:** ঈশ্বর আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় কলেজের পাঠক্রমগুলিতে নতুন শিক্ষার্থীদের লাভ করতে সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৩১:** আমাদের আবাসিক বাইবেল কলেজের জরুরী প্রয়োজনের জন্য ওয়াটার কুলার, রেফ্রিজারেটার, খাট, বিছানা, এবং বাসনপত্র কিনতে সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**আগস্ট ০১:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গিকারবদ্ধতাকে আশীর্ব্বাদ করার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীতে আমাদের পুরুষদের সভাগুলিকে ঈশ্বর আশীর্ব্বাদ করেছেন।

**দিন ০৩:** আমাদের সদাপ্রভু ঈশ্বর, আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে রক্ষা করছেন।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক **ব্রাদার মানুয়েল পলরাজ** গত ২৫শে মে, ২০২২ তারিখে ঈশ্বরের গৌরবের মধ্যে প্রবেশ করেছেন। অনগ্রহ করে তাঁর শোকাহত পরিবার, বন্ধুবর্গ এবং আত্মীস্বজনের জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** প্রার্থনা করুন ঈশ্বর যেন আমাদের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসারিত করতে সক্ষম করেন।

**দিন ৬:** সমস্ত ধর্মের মধ্যে ঐক্যের জন্য প্রার্থনায় অঙ্গিকারবদ্ধ হন।

**দিন ৭:** ঈশ্বরের উদ্দেশে সমগ্র দেশগুলির মধ্যে ন্যায়পরায়ণতার জন্য আন্তরিকভাবে প্রার্থনা করুন।

**দিন ৮:** পৃথিবীতে তাঁর রাজ্য গড়ে তোলার জন্য ঈশ্বর যেন আমাদের আরও অনেক দর্শন দেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** সমস্ত বিষয়ে এবং সমস্ত পরিকল্পনার মধ্যে আমাদের দেশের ঐক্য এবং প্রগতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** আজ আমরা আমাদের পরিচর্যা কাজের ৫৪ বর্ষে প্রবেশ করেছি। অনুগ্রহ করে প্রার্থনা করুন।

**দিন ১১:** রাশিয়া এবং ইউক্রেনের মধ্যে যুদ্ধের জন্য প্রার্থনা করুন এবং সারা পৃথিবীতে শান্তির প্রয়োজন।

**দিন ১২:** সারা পৃথিবীতে যেন শান্তি বজায় থাকে তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** প্রার্থনা করুন ঈশ্বর যেন আমাদের সিনিয়ার পাস্টরকে তাঁর আত্মজীবনী লেখার কাজে সফল করেন।

**দিন ১৪:** মহিলা এবং শিশুদের উপর সমস্ত হিংস্রতা এবং অত্যাচার উচ্ছেদ করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** ঈশ্বর যেন আমাদের কোঅর্ডিনেটর এবং পালকদের নতুন শক্তি দেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** মহিলা এবং শিশুদের উপর হিংস্রতা উচ্ছিন্ন করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজের সমস্ত পরিকল্পনাগুলিকে আশীর্ব্বাদ করার জন্য প্রার্থনা করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

প্রিয় পাঠক, এলিয়ের কাছ থেকে পড়ে যাওয়া আংরাখাটি ইলীশায় তুলে নিয়েছিলেন এবং জলে আঘাত করেছিলেন, নদী বিভক্ত হয়েছিল। ইলীশায় নদী পার হয়েছিলেন। আপনার শিক্ষাগত যোগ্যতা এবং নীম্ন মর্যার বিষয় চিন্তা করবেন না। বাইবেলে বলা হয়েছে ইলীশায় আরও অধিক অলৌকিক কাজ করেছিলেন।

**৩। ঈশ্বর প্রত্যেকটি ছোট প্রার্থনার উত্তর দেন:**

আমরা যখন আমাদের প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করি, তখন আমরা যে ভাবে চাই সেইভাবে আমাদের উত্তর দেওয়ার বিষয় ঈশ্বরের আবশ্যকতা নেই। উদাহরণ, ধরুন আপনি ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণের জন্য উপবাস প্রার্থনা করেছেন, কিন্তু ঈশ্বর আপনাকে সেই ঋণ পেতে সাহায্য নাও করতে পারেন। কিন্তু তিনি অন্য কোনও অপূর্ব উপায়ে আপনার আর্থিক প্রয়োজনটি মিটাতে পারেন।

আমার একজন ভালো বন্ধু আছেন, যার নাম ডঃ রবিন্দার বোয়াস যিনি চেন্নাইয়ের একজন শল্য চিকিৎসক। তিনি একজন ধার্মিক ব্যক্তি যাঁর টাকার প্রতি কোনও ভালোবাসা নেই। এছাড়াও তিনি একজন ঈশ্বরের দাস। এক সময় একজন চিকিৎসক আমার একজন বন্ধুর পাইলস আছে বলেছিলেন, এবং এই কারণে তাকে অস্ত্রপচার করার উপদেশ দিয়েছিলেন। ঐ বন্ধুটি প্রার্থনা করার জন্য আমার কাছে এসেছিল। আমি তার জন্য প্রার্থনা করেছিলাম, সে খুবই গরীব ছিল, তারপর আমি তাকে আমার বন্ধু, রবিন্দার বোয়াসের কাছে নিয়ে গিয়েছিলাম।

পরীক্ষা করার আগে ডাক্তার একটা ছোট প্রার্থনা করেছিলেন। তারপর তিনি রোগীকে বলেছিলেন, অস্ত্রপচার করার কোনও প্রয়োজন নেই, বেশী করে জল পান করুন, সবুজ শাকসবজি এবং কলা খান। এক সপ্তাহ পরে আবার হাসপাতালে আসবেন। আমি নিশ্চিত আপনি সুস্থ হয়ে যাবেন।" আমরা যখন ফিরে আসছিলাম, তখন রোগীর মুখ দেখে তাকে খুবই অস্থির মনে হয়েছিল। আমি যখন তাকে জিজ্ঞাসা করেছিলাম, "তুমি এতো চিন্তা করছো কেন?" সে উত্তর দিয়েছিল, "অপারেশন হলো না বলে"। তার প্রত্যাশা ছিল কম খরচে অপারেশন করিয়ে নেওয়া। যাইহোক সে ডাক্তারের উপদেশ মেনে চলেছিল।

কিন্তু যা ঘটেছিল, তা হল সে অপারেশন ছাড়াই সম্পূর্ণ সুস্থ হয়েছিল। তাঁর সমস্যা ছিল সে অপারেশনের জন্য প্রস্তুত ছিল, আর এখন আর অপারেশনের প্রয়োজন ছিল না।

কয়েক সময় আমরা প্রার্থনা করি এবং আমাদের মন যে উত্তর চায় আমরা সেই উত্তর প্রত্যাশা করি-কিন্তু ঈশ্বর তাঁর নিজের প্রজ্ঞা এবং পরাক্রমে কাজ করেন। কিন্তু আমাদের সেই অলৌকিক কাজ গ্রহণ করার জন্য প্রস্তুত হতে হবে!

ইলীশায় এটাও মনে করতে পারতেন যে এলিয়ের ক্ষমতার দ্বিগুণ অংশ পাওয়ার পরিবর্তে তিনি কেবল এলিয়ের আংরাখাটি পেয়েছেন। কিন্তু ইলীশায় আত্মিক মানুষ হওয়ায় তিনি সম্পূর্ণ ভালোবাসার সঙ্গে আংরাখাটি তুলে নিয়েছিলেন!

প্রিয় ঈশ্বরের সন্তান, আপনার প্রার্থনার উত্তরগুলির বিষয়ে আপনার মনোভাব কী?

## গ) গেহসী

অরামের রাজার এক মহান সেনাপতি ছিলেন যিনি কুষ্ঠরোগগ্রস্ত ছিলেন। তাঁর নাম ছিল নামান (২ রাজা ৫:১)। তাঁর ঘরে একটি ইহুদী বালিকা কাজ করতো। সে গৃহকর্ত্রীকে বলেছিল যে নামানের কুষ্ঠ ভালো হয়ে যেতে পারে যদি তাঁকে ইলীশায়ের কাছে নিয়ে যাওয়া হয়। সুতরাং নামান ইলীশায়ের কাছে গিয়েছিলেন। তিনি যখন ইলীশায়ের দ্বারে গিয়ে দাঁড়িয়েছিলেন, তখন ইলীশায় কর্তৃক তাঁকে জর্ডনের জলে সাতবার ধৌত হতে বলা হয়েছিল। এই কথা শুনে নামান ক্রুদ্ধ হয়েছিলেন এবং তিনি বলেছিলেন, "আমি ভেবেছিলাম তিনি নিশ্চয় বের হয়ে আসবেন এবং দাঁড়াবেন এবং তাঁর ঈশ্বর সদাপ্রভুর নামে ডাকবেন এবং সেই সমস্ত জায়গাগুলি স্পর্শ করবেন এবং কুষ্ঠরোগ আরোগ্য করবেন। আমাদের দেশে জর্ডনের থেকে ভালো অনেক নদী ছিল না?" কিন্তু তাঁর পরিচারকেরা তাঁকে শান্ত করেছিলেন এবং বলেছিলেন, " হে প্রভু ঐ ভাববাদী যদি আপনাকে বড়সড় কোনও কাজ করতে বলতেন তাহলে আপনি কি তা করতেন না? তাহলে তিনি যখন আপনাকে স্নান করতে এবং শুচিশুদ্ধ হতে বলেছেন তখন কি আরও বেশি করে আপনার তা করা উচিত নয়!"

এই কথা শুনে, নামান জর্ডন নদীতে গিয়েছিলেন এবং সেখানে সাতবার ডুব দিয়েছিলেন। ঈশ্বরের লোকের কথা অনুসারে তাঁর দেহ আগের অবস্থায় ফিরে এসেছিল ও ছোট ছেলের দেহের মতো সুস্থসবল হয়ে গেছিল এবং তিনি শুচি হয়েছিলেন। তিনি ঈশ্বরের লোকের কাছে ফিরে এসেছিলেন। তিনি তাঁর সমস্ত উপহার নিয়ে তাঁর সামনে এসে দাঁড়িয়েছিলেন; এবং


# নহিমিয় বাইবেল কলেজ

## সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

**মাধ্যম: তামিল**

*Registered Candidate for Membership*

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং ৰরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**

**ঈশ্তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

তিনি বলেছিলেন, "এখন আমি জানলাম যে ইস্রায়েল ছাড়া জগতে আর কোথাও কোনও ঈশ্বর নেই। তাই আপনার এই দাসের কাছ থেকে দয়া করে একটি উপহার গ্রহণ করুন।" কিন্তু ইলীশায় বলেছিলেন, **"আমি যাঁর সেবা করি, সেই জীবন্ত সদাপ্রভুর দিব্যি, আমি একটি জিনিসও গ্রহণ করবো না। নামান তাঁকে পীড়াপীড়ি করা সত্ত্বেও তিনি তা গ্রহণ করতে অস্বীকার করলেন"** (২ রাজা ৫:১১-১৬)।

ইলীশায়ের দাস, গেহসি এটি লক্ষ্য করছিল এবং সে মনে মনে বলেছিল, "আমার প্রভু নামানের কাছ থেকে কিছুই গ্রহণ করলেন না, আমি তাঁর পশ্চাতে দৌড়ে যাবো এবং তাঁর কাছ থেকে কিছু গ্রহণ করবো। সুতরাং গেহসি তাঁর পশ্চাতে গিয়েছিল। যখন নামান তাকে তার পশ্চাতে দৌড়ে আসতে দেখেছিলেন, তিনি জিজ্ঞাসা করেছিলেন, " সব কিছু ঠিক আছে তো?" গেহসী উত্তর দিয়েছিল, "সব কিছু ঠিক আছে।" আমার প্রভু আমাকে এই বলে পাঠালেন, "বাস্তবিক, ভাববাদী সম্প্রদায়ের মধ্যে থেকে এইমাত্র দুজন যুবক আমার কাছে ইফ্রয়িমের পাহাড়ি অঞ্চল থেকে এসে পড়েছে। দয়া করে তাদের এক তালন্ত রুপো ও দুই পাটি পোশাক দিন।" নামান বললেন, "অবশ্যই, দুই তালন্ত নাও," সেগুলি নেওয়ার জন্য তিনি গেহসিকে পীড়াপীড়ি করলেন, এবং পরে দুটি থলিতে দুই তালন্ত রুপো এবং দুই পাটি পোশাক বেঁধে দিলেন। তিনি সেগুলি তাঁর দুজন দাসের হাতে দিলেন, ও তারা গেহসির আগে আগে সেগুলি বয়ে নিয়ে গেল। গেহসি সেই পাহাড়ে পৌঁছে জিনিসগুলি সেই দাসদের হাত থেকে নিয়ে বাড়িতে রেখে দিয়েছিল। সে সেই লোকদের পাঠিয়ে দিয়েছিল ও তারাও চলে গেল।

এখন সে ভেতরে গিয়ে তার মনিবের সামনে দাঁড়াতেই ইলীশায় তাকে জিজ্ঞাসা করলেন, " গেহেসি, তুমি কোথায় গিয়েছিলে?" গেহসি উত্তর দিয়েছিল, "আপনার এই দাস কোথাও যায়নি তো।" তাঁর দাস কি করেছিল তা ইলীশায় তাঁর স্বর্গীয় প্রজ্ঞা দ্বারা জানতে পেরেছিলেন। তিনি গভীরভাবে আঘাত পেয়েছিলেন, তারপর তিনি গেহসিকে বলেছিলেন, **" সেই লোকটি যখন তোমার সাথে দেখা করার জন্য রথ থেকে নেমেছিলেন, আমার আত্মা কি তোমার সাথেই ছিল না? অর্থ বা পোশাক, অথবা জলপাই বাগান ও দ্রাক্ষাক্ষেত,বা মেষ-গরুর পাল, বা দাস-দাসী নেওয়ার এই কি সময়? নামানের কুষ্ঠরোগ চিরকাল তোমার ও তোমার বংশধরদের শরীরে লেগে থাকুক।" পরে গেহসি ইলীশায়ের সামনে থেকে চলে গেল এবং তার ত্বকে কুষ্ঠরোগ ফুটে উঠেছিল - তা বরফের মতো সাদা হয়ে গেল** (২ রাজা ৫:২০-২৭)। ঈশ্বরের দাসদের তালিকা থেকে গেহসির নাম তুলে নেওয়া হয়েছিল। তার বংশধরেরাও অভিশপ্ত হয়েছিল।

আপনার আদর্শ কে? **আপনি যদি আমাকে জিজ্ঞাসা করেন, আমি বলবো আমি ইলীশায়ের মতো হতে চাই। আমি ভীষণভাবে চাইবো আমার মস্তকে ইলীশায়ের অভিষেক নেমে আসুক যাতে আমি দ্বিগুণ আশীর্ব্বাদ প্রাপ্ত হই এবং এই পৃথিবীতে বিজয়ী জীবন যাপন করতে পারি।**

অনুগ্রহ করে কিছুক্ষণ গভীরভাবে চিন্তা করুন! আপনি কি ইলীশায়ের মতো অভিহিত হতে চান? আপনি ইলীশায়ের মতো অভিহিত হলেও, আপনি কি প্রতিদিন আপনার দেহ এবং আত্মার একই সমস্যাগুলি নিয়ে সংগ্রাম করছেন? অথবা আপনি কি গেহসির মতো জীবন যাপন করছেন, কিছু ভালো কাজের নামে অথবা পরিচর্যার নামে আপনি কি টাকা সংগ্রহ করছেন?

আজকের দিনে কয়েক জন ঈশ্বরের দাসের ব্যাগের মধ্যে কোনও বাইবেল অথবা সুসমাচার পুস্তিকা থাকে না। পরিবর্তে তাদের ব্যাগের মধ্যে কিছু প্রিয় প্রকল্পের বাজেটের কাগজপত্র অবশ্যই থাকবে। কয়েক জন আবার এতো চতুর যে তারা এই বিষয়ে সমস্ত বিস্তারিত বিষয়গুলি মুখস্ত করে রাখেন! আজকের দিনে অনেক ঈশ্বরের দাসেরা আছেন যারা এই সমস্ত পরিকল্পনার মধ্যে দিয়ে টাকা হাতানোর জন্য বিভিন্ন পরিকল্পনা তৈরী করতে ওস্তাদ। টাকা সংগ্রহের বিষয়ে তাদের বেশ কিছু "পবিত্র কারণ" থাকে।

ঈশ্বরের লোকদের যখন টাকার প্রয়োজন হয়,

*(ক্রমশঃ, ৯পাতায়)*

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| Account Name | : | ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : | 1023 2923 805 |
| Bank Name | : | STATE BANK OF INDIA |
| Branch | : | TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : | SBIN 0000249 |
| SWIFT Code | : | SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## একটি পেনসিল মাদুরের পুরাতন গল্প

**সন্তানদের এমন এক পথে চলার শিক্ষা দাও যে পথে তাদের চলা উচিত,ও তারা বৃদ্ধ হয়ে গেলেও সেখান থেকে ফিরে আসবে না।** (হিতোপদেশ ২২: ৬)

গ্রামের সরকারী স্কুলে পঞ্চম শ্রেণী থেকে উত্তীর্ণ হওয়ার পর, আমি উচ্চবিদ্যালয়ে ভর্তি হয়েছিলাম, যেখানে আমি প্রথম ইংরাজী বর্ণমালা শিখেছিলাম। বিদ্যালয়ের প্রথম দিন, আমার ক্লাস টীচার আমাদের পরদিন থেকে পেনসিল এবং খাতা আনতে বলেছিলেন। ঘরে ফিরেই আমি আমার মাকে আমার প্রয়োজনের কথা বলেছিলাম কারণ আমার বাবা বাইরে ছিলেন। তিনি আমার জন্য খাতা জোগাড় করতে সক্ষম হয়েছিলেন, কিন্তু আমার জন্য একটা পেনসিল কিনে দিতে পারেননি। যেহেতু তিনি আমাদের নিকটবর্তী আত্মীয়দের কাছ থেকে সাহায্য নিতে চাননি, তিনি তাঁর অক্ষমতার বিষয় আমাকে বুঝিয়েছিলেন, এবং তিনি আমার প্রয়োজন পূরণের জন্য প্রভু যীশু খ্রীষ্টের কাছে আমাকে প্রার্থনা করতে বলেছিলেন।

তাঁর কথার বাধ্য হয়ে আমি রাতের বেলায় পেনসিলের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলাম এবং ঘুমাতে গিয়েছিলাম। পরদিন সকালে ঈশ্বর আমাকে পেনসিল দেননি। সুতরাং পেনসিল ছাড়াই আমাকে বিদ্যালয়ে যেতে হয়েছিল। যখন অন্য সমস্ত শিক্ষার্থীরা তাদের ব্যবহারের জন্য পেনসিল নিয়ে এসেছিল, তখন আমি আমার ক্লাস টীচারের বাধ্য হতে পারিনি। সুতরাং আমার শিক্ষিকা আমার উপর খুশি হননি। তিনি আমাকে বলেছিলেন আমি যেন পরদিন পেনসিল না নিয়ে স্কুলে না আসি।

আমি ঘরে ফিরে শিক্ষিকার অখুশি হওয়ার বিষয় মাকে বলেছিলাম। তিনি আমার দিকে তাকিয়ে হেসেছিলেন এবং আমাকে দ্বিতীয় দিন আবার প্রার্থনা করতে বলেছিলেন এবং তিনি আমাকে আশ্বস্ত করে বলেছিলেন যে পেনসিল আসার পথে আছে। আমি প্রার্থনা করেছিলাম এবং কিছুই ঘটেনি। সুতরাং আমাকে আবার খালি হাতে স্কুলে আসতে হয়েছিল। শিক্ষিকা যখন আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আমি বলেছিলাম যে আমি মায়ের কথা মতো প্রভু যীশুর কাছে প্রার্থনা করেছিলাম, পেনসিল এখন রাস্তায় আসছে। শিক্ষিকা আমার উপর বিরক্ত হয়েছিলেন এবং আমার উপর এবং আমার মায়ের ব্যবহারের জন্য রেগে গিয়েছিলেন। তিনি আমাকে বলেছিলেন যে আমি যেন পেনসিল না নিয়ে পরদিন স্কুলে না আসি।

অনেক দুঃখের সঙ্গে আমি মাকে কথাটি বলেছিলাম। তিনি আমাকে বলেছিলেন যে আমাদের পেনসিল প্রার্থনাটি শোনার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দাও। আমি মধ্যরাত্রি পর্য্যন্ত ধন্যবাদ দিতে শুরু করেছিলাম। কিন্তু পরদিন স্কুলে পেনসিল না নিয়ে যাবার জন্য আমার কঠিন সময় এবং শাস্তির কথা ভেবে আমার ঘুম আসছিল না।

মাঝরাতে আমি অবাক হয়ে দরজায় আঘাত করার শব্দ শুনতে পেয়েছিলাম। মা বলেছিল ঘরে কোন বড় পুরুষ সদস্য কেউ নেই জানতে পেরে হয়তো চোর এসেছে। মা আমাকে চুপ করে থাকতে এবং ঘুমিয়ে পড়তে বলেছিল। পরে আমরা জানালা দিয়ে আমার মায়ের নাম ধরে ডাকার শব্দ শুনেছিলাম। তিনি ছিলেন আমার কাকা মিস্টার সেলভামানি, তিনি আমাদের ঘর থেকে ৭০ কিলোমিটার দূরে পালামাকোট্টাই নামক স্থানে পুলিশে চাকরী করতেন। আমরা আনন্দের সঙ্গে দরজা খুলেছিলাম। তিনি বিস্কুট,মিষ্টি, পোষাক, ইত্যাদি অনেক উপহার আমার জন্য এনেছিলেন যা তিনি বরাবর আনতেন। আমি যখন একটি নির্দিষ্ট উপহারের ব্যাগ খুলেছিলাম, আমি তার মধ্যে একটি বকস্ দেখতে পেয়েছিলাম। আমি যখন উদ্বিগ্নভাবে সেটা খুলেছিলাম, আমি বকস্ ভর্তি দামী পেনসিল দেখতে পেয়েছিলাম (নটরাজ পেনসিল, সেই সময় ঐ পেনসিলগুলো খুব দামী ছিল)। ঐ বাক্সের মধ্যে ২৪টি পেনসিল ছিল।

এই ভেবে আমি ঐ রাতেই লাফাতে শুরু করেছিলাম যে প্রভু যীশু কেবল প্রার্থনা শোনেন না, কিন্তু তিনি আমার প্রার্থনার উত্তরও দেন। আনন্দে আমি এতো আত্মহারা হয়ে গিয়েছিলাম যে সারারাত আমি ঘুমাতে পারিনি।

পরদিন সকালে, আমি ২৪টা পেনসিল ভর্তি বাক্সটা নিয়ে আনন্দের সঙ্গে স্কুলে গিয়েছিলাম যখন অন্যরা কেবল একটা পেনসিল নিয়ে গিয়েছিল। কঠোর চেহারা নিয়ে শিক্ষিকা আমার কাছে এসেছিলেন এবং জিজ্ঞাসা করেছিলেন কী ঘটেছিল। আমি বলেছিলাম গতকাল যে পেনসিলগুলো পথে ছিল আজ তা আমার কাছে অপূর্বভাবে এসে পৌঁছেছে। তিনি আনন্দের সঙ্গে আমার পিঠে চাপড়ে দিয়েছিলেন এবং তিনি শিক্ষার্থীদের কাছে ঘোষণা করেছিলেন যে এক জীবিত ঈশ্বর আছেন, তিনি প্রভু যীশু খ্রীষ্ট।

প্রিয় পাঠক/পাঠিকা, এটি সেই সময় ঘটেছিল যখন আমার বয়েস সাত বছর, কিন্তু এখনই সেই অভিজ্ঞতা আমার হৃদয়ে টাটকা আছে। সেই একই ঈশ্বর যিনি আমাকে পেনসিল দিয়েছিলেন তিনি আজও জীবিত আছেন। **তিনি গতকাল, আজ এবং চিরকাল একই আছেন** (হিব্রীয় ১৩:৮)। সেই কারণে আমি আজও আমার ঘরে একটি ছোট মাদুর রেখেছি

যাকে আমি **‘পেনসিল মাদুর’** বলি। **আমি প্রতিদিন ভোরে ঐ পেনসিল মাদুরের কাছে যাই এবং আমার অতিব্যস্ত সময়সূচি থাকা সত্ত্বেও আমি দিনে তিনবার অন্তত প্রার্থনা করার চেষ্টা করি এবং সেই একই ঈশ্বর যীশুর খ্রীষ্টের কাছে আমি আমার প্রয়োজনগুলির বিষয় জানাই। এই পেনসিল মাদুরের মাধ্যমে আমি সূচ থেকে শুরু করে বেশ কয়েকটি মিনি বাস, বড় বড় বিল্ডিং ইত্যাদি লাভ করেছি। সুতরাং আমি এই উপসংহারে উপনীত হয়েছি যে হাত বাইবেল বহন করে এবং যে দুটি পা প্রার্থনায় জানুপাত করে তা ব্যর্থ হয় না।**

সুতরাং আমার পরিচর্যার বিগত ৫৩ বছরে আমি কোনও টাকা তোলার প্রকল্পের আয়োজন করিনি অথবা টাকা তোলার জন্য অথবা আমার বহুমুখী পরিচর্যা কাজের জন্য প্রয়োজনীয় কোনও কিছুর জন্য ব্যক্তিগতভাবে কারও কাছে হাত পাতিনি। আমি আমার ঈশ্বরের কাছ থেকে টাকা লাভ করেছি যিনি আমার সমস্ত প্রয়োজনের জন্য আমার পেনসিল মাদুর থেকে আমাকে উত্তর দিয়েছেন।

**“যিনি আমাকে শক্তি দান করেন, তাঁর মাধ্যমে আমি সবকিছুই করতে পারি”** (ফিলিপীয় ৪:১৩)।

***********

*(ক্রমশঃ ৭ম পৃষ্ঠার পর থেকে)*

কয়েক জন ঘোষণা করতে শুরু করে দেন, “আমাকে আপনার টাকা দিন, আমি আপনার জন্য চোখের জলে প্রার্থনা করবো। তারপর আপনি অবশ্যই ভাগ্যবান হবেন।” কয়েক জন বলেন, “ঈশ্বর ৭৫০ জন লোককে চান যারা প্রত্যেকে আমাদের পরিচর্যা কাজের জন্য ১০০০ টাকা করে দেবেন।” কয়েক জন বলেন, “ঈশ্বর আমার কাছে আবির্ভূত হয়েছিলেন, তিনি বলেছিলেন কয়েক জন অবসর গ্রহণ করার পর বিপুল পরিমাণ টাকা পাবেন তারা সমস্ত টাকা আমাদের পরিচর্যা কাজের জন্য দেবেন, আমরা পাঁচ বছর পর সম্পূর্ণ পরিমাণ টাকা তাদের ফেরত দেব”।

যীশু তাঁর শিষ্যদের লোকদের ঠকাতে শেখাননি। পরিবর্তে তিনি তাদের বলেছিলেন, **“...এই কারণে তুমি হ্রদে গিয়ে তোমার বড়শি ফেলো। প্রথমে যে মাছটি তুমি ধরবে, সেটি নিয়ে তার মুখ খুললে তুমি চারদিনের পারিশ্রমিকের সমান একটি মুদ্রা পাবে। সেটি নিয়ে তোমার ও আমার কর-বাবদ ওদের দিয়ে দাও”** (মথি ১৭:২৭)। কয়েক জন ঈশ্বরের সন্তান অন্যায়ভাবে টাকা লাভ করেন এবং সেই টাকার স্বাদ গ্রহণ করেন। কয়েক জন সেই টাকার একটা অংশ ঈশ্বরের কাজে ব্যবহার করতে প্রস্তুত থাকেন। কিন্তু ঈশ্বর এই মন্দ পথে উপার্জিত অর্থ চান না। প্রিয় ঈশ্বরের দাসগণ, আপনার কার্যকলাপে সতর্ক থাকুন!

আমরা যখন সততার সঙ্গে আমাদের পরিচর্যা কাজ করি, তখন আমাদের খরচের বিষয়ে আমাদের চিন্তা করার প্রয়োজন নেই। টাকা লাভের জন্য আমাদের বিভিন্ন কৌশল উদ্ভাবন করার প্রয়োজন নেই। আমাদের বিভিন্ন অভিনব পরিকল্পনা তৈরী করার এবং সেই পরিকল্পনা কার্যে পরিণত করার প্রয়োজন নেই। প্রভু যিনি আমাদের আহ্বান করেছেন তিনি বিশ্বস্ত। তিনি কখনও আপনাকে নীচু হতে দেবেন না। তিনি তাঁর কোনও পরিচর্যাকে উপেক্ষা করবেন না। কিন্তু তিনি অবশ্যই আমাদের সমস্ত কার্যকলাপের পশ্চাতে আমাদের অভিপ্রায়কে পর্যবেক্ষণ করবেন।

**প্রিয় ঈশ্বরের সন্তানগণ, আপনি কি আপনার মনোভাব অনুযায়ী জীবনযাপন করছেন? ছোট অথবা বড় যাই হোক না কেন আপনি কি এলিয়ের মতো হতে চান, ঈশ্বরের ইচ্ছানুসারে পবিত্র জীবন যাপন করে স্বর্গে পৌঁছাতে চান?**

**অথবা**

**আপনি কি অধ্যবসায়ের সঙ্গে প্রার্থনা করে এবং আপনার বিশ্বাসে অবিচল থেকে আপনি কি ইলীশায়ের মতো হতে চান, যাতে আপনি আপনার আহ্বানে বলবান থাকতে পারেন এবং দ্বিগুণ আশীর্ব্বাদ লাভ করতে পারেন? আপনি কি ইলীশায়কে অনুসরণ করবেন এবং আপনার শত্রুদের থেকে অধিক প্রজ্ঞাবান হবেন এবং আপনার শিক্ষকদের থেকেও অধিক বুদ্ধিমান হবেন এবং প্রাচীনদের থেকেও অধিক চালাক হবেন?** (গীত ১১৯:৯৮-১০০)

**অথবা**

**আপনি কি গেহসীর মতো হতে চান, পরিচর্যার নামে কিছু করে টাকা উপার্জনের জন্য এখানে ওখানে দৌড়াতে চান, যা আপনাকে পরিচর্যা হারানোর পথে এবং আপনার ও আপনার বংশধরদের জন্য অভিশাপ অর্জনের পথে পরিচালিত করবে?**

**আপনার ইচ্ছার উপর আপনার সিদ্ধান্ত নির্ভর করবে। আপনার উত্তর কী?**

***********



তাঁর আহ্বানের প্রতিধ্বনি একজন উল্লেখযোগ্য ব্যক্তিকে এবং প্রকাশনা বিভাগে তাঁর অসাধারণ অবদানের জন্য তাঁকে সেলাম জানাচ্ছে!

আমরা দুঃখের সঙ্গে ঘোষণা করছি যে **ব্রাদার ম্যানুয়েল এম. পলরাজ,** ইংরাজী মাসিক পত্রিকা, **তাঁর আহ্বানের প্রতিধ্বনির** সিনিয়ার সহযোগী সম্পাদক, যিনি বিগত ৪৫ বছর যাবৎ পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত ছিলেন, তিনি বিগত **২৫শে মে, ২০২২ তারিখে,** বুধবার, সকাল ৬টার সময়, ৭২ বছর বয়েসে, গৌরবের মধ্যে প্রবেশ করেছেন। তিনি তাঁর স্ত্রী, পুত্র, কন্যা,এবং নাতিনাতনীদের মধ্যে বেঁচে আছেন। অনুগ্রহ করে আমাদের জন্য প্রার্থনা করবেন।

**- পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## A good opportunity to get Echo of His Call monthly magazine at free of cost

If you could send the addresses of your friends / relatives through post, letter, e.mail, WhatsApp or phone to us, we will dispatch **Echo of His Call** monthly magazine to them at free of cost.

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য** : ১০০ টাকা      **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATION ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** JULY, 2022

**If un-delivered please return to:**

**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**